

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০২.২০.২৫৩

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০  
২৪ সেপ্টেম্বর ২০২৩

প্রাপক:

চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় খাদ্য  
ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন,

বিষয়: জনাব সাহিদা আক্তার, নিরাপত্তা প্রহরী, তেজগাঁও সিএসডি, ঢাকা এর সাধারণ ভবিষ্য তহবিল  
হিসাব হতে ১ম অগ্রিম উত্তোলনের মঞ্জুরি

সূত্র: ব্যবস্থাপকের কার্যালয়, তেজগাঁও সিএসডি, ঢাকা এর ০৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখের ১৪৬২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব সাহিদা আক্তার, নিরাপত্তা প্রহরী, তেজগাঁও সিএসডি, ঢাকা এর জিপিএফ হিসাব নং- নতুন 1000439986 পুরাতন: Ngonj/Food/৯৮৫ জমাকৃত ৭,৬৯,০৮৭/২০ (সাত লাখ উনসত্তর হাজার সাতাশি টাকা বিশ পয়সা) টাকা হতে বাড়ী ঘর মেরামতের জন্য ১ম অগ্রিম উত্তোলনের মঞ্জুরি এবং অগ্রিমের কিস্তি ০১(এক) বছর স্থগিতকরণের জন্য জিপিএফ এর নির্ধারিত ফরমে আবেদন করেছেন। সংশ্লিষ্ট কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ এর বিধি ১৩(২)ই, ১৩(৪) অনুযায়ী ৫,৭৬,০০০/- (পাঁচ লাখ ছিয়াত্তর হাজার টাকা) ১ম অগ্রিম হিসেবে উত্তোলনের মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করছি। একইসাথে উক্ত অগ্রিমের কিস্তি কর্তন ০১ (এক) বছর স্থগিতকরণের অনুমতি প্রদান করছি।

আবেদনকারীর মঞ্জুরিকৃত টাকা ৪৮ কিস্তিতে প্রতি কিস্তি ১২,০০০/- হারে এবং মূল টাকা কর্তনের পর অগ্রিমের সুদ শতকরা ৫% হারে পরিশোধযোগ্য। উক্ত অগ্রিম আহরনের পরবর্তী ১(এক) বছর পর মাসিক বেতন বিল হতে কর্তন শুরু হবে।

আপনার বিশ্বস্ত,

২৪-৯-২০২৩

অন্তরা মল্লিক

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০২.২০.২৫৩/১(৩)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০  
২৪ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সহকারী ব্যবস্থাপক, আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, তেজগাঁও সিএসডি, ঢাকা
- ২) জনাব সাহিদা আক্তার, নিরাপত্তা প্রহরী, তেজগাঁও সিএসডি, ঢাকা
- ৩) অফিস কপি/দপ্তর কপি



২৪-৯-২০ ২৩

অনুৱা মল্লিক

উপপরিচালক